# গাজীপুর সিটি কর্পোরেশন

নগর ভবন, গাজীপুর।

gcc.gov.bd

স্মারক নম্বর ৪৬.১৯.০০০০.০১৮.৯৯.০১৬.২৬. — তারিখঃ ২৩ আষাঢ় ১৪৩৩ / ০৭ জুলাই ২০২৬

## বিজ্ঞপ্তি

এতদ্বারা গাজীপুর সিটি কর্পোরেশনের তালিকাভুক্ত সকল শ্রেণির ঠিকাদারদের ২০২৬-২০২৭ অর্থ বৎসরে ঠিকাদারী লাইসেন্স নবায়ন করার জন্য অনুরোধ এবং শ্রেণি উন্নয়ন/মানোন্নয়ন, নতুন তালিকাভুক্ত হতে ইচ্ছুক উপযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সিটি কর্পোরেশনের নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

**ঠিকাদারী লাইসেন্স নবায়ন/শ্রেণি উন্নয়ন/তালিকাভুক্তির সময়সীমা ও শর্তাবলী নিম্নরূপঃ**

| ক্র নং | বিবরণ | নবায়ন ফি জমার তারিখ |
|---|---|---|
| ০১. | সকল শ্রেণির ঠিকাদার নির্ধারিত ফি জমা দিয়ে নবায়ন করতে পারবেন (১৫% ভ্যাটসহ) | ৩১/০৮/২০২৬ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত |
| ০২. | নির্ধারিত সময়ে ফি জমা দিতে ব্যর্থ হলে ৫০% জরিমানা দিয়ে নবায়ন করা যাবে | ৩০/০৯/২০২৬ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত |
| ০৩. | ৩০/০৯/২০২৬ তারিখের পর ১০০% জরিমানা দিয়ে নবায়ন করা যাবে | ৩১/১২/২০২৬ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত |
| | **শ্রেণি উন্নয়ন/মানোন্নয়ন, নতুন তালিকাভুক্তির ফরম বিক্রয় ও জমার তারিখ** | |
| ০৪. | শ্রেণি উন্নয়ন/মানোন্নয়নে ও নতুন তালিকাভুক্তির আবেদন ফরম ১,০০০ (এক হাজার) টাকা নগদ মূল্যে নগর ভবন প্রকৌশল বিভাগ থেকে সংগ্রহ করা যাবে | আবেদন ফরম বিক্রয়ের শেষ তারিখ ১৬/০৮/২০২৬ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত |
| ০৫. | শ্রেণি উন্নয়ন/মানোন্নয়ন ও নতুন তালিকাভুক্তির আবেদনপত্র গাজীপুর সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগে (নগর ভবন) জমা দেয়ার শেষ তারিখ | ৩১/০৮/২০২৬ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত |

২। গাজীপুর সিটি কর্পোরেশন কর্তৃক ইস্যুকৃত ২০২৬-২০২৭ অর্থ বৎসরের নবায়নকৃত ট্রেড লাইসেন্স এর কপি, আয়কর সনদপত্র এবং ভ্যাট রেজিষ্ট্রেশন সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি এর সত্যায়িত কপি, এবং সর্বশেষ ডিজিটের ভ্যাট রেজিষ্ট্রেশন এর কপি অবশ্যই জমা দিয়ে ঠিকাদারী লাইসেন্স বহি নবায়ন করতে হবে।

৩। নবায়নের ক্ষেত্রে আবশ্যিকভাবে মূল লাইসেন্স বহি জমা প্রদান করতে হবে ।

৪। নবায়ন ব্যতিত ঠিকাদারগণ সীমিত দরপত্র পদ্ধতির আওতায় দরপত্রে অংশ গ্রহণ করতে পারবেন না।

৫। শ্রেণি উন্নয়ন/মানোন্নয়ন ও নতুন তালিকাভুক্তির জন্য চাহিদা মোতাবেক আবেদন ফরমে উল্লিখিত প্রয়োজনীয় ডকুমেন্টস এর সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করে আগামী ৩১/০৮/২০২৬ তারিখের মধ্যে আবেদনপত্র গাজীপুর সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগে (নগর ভবন) জমা দিতে হবে।

৬। বিস্তারিত তথ্যের জন্য গাজীপুর সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন প্রতিষ্ঠানের ঠিকাদারী লাইসেন্স নবায়ন/শ্রেণি উন্নয়ন/তালিকাভুক্তির যে কোন আবেদন গ্রহণ বা বাতিল কিংবা স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত

মোঃ আব্দুল বারেক
প্রধান প্রকৌশলী
গাজীপুর সিটি কর্পোরেশন
গাজীপুর।

স্মারক নম্বর ৪৬.১৯.০০০০.০১৮.৯৯.০১৬.২৬. ৪২৮/১(২০০) — তারিখঃ ২৩ আষাঢ় ১৪৩৩ / ০৭ জুলাই ২০২৬

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে ;

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর
২. বিভাগীয় প্রধান (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন
৩. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গাজীপুর সিটি কর্পোরেশন
৪. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন
৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন
৬. প্রশাসক মহোদয়ের একান্ত সচিব, গাজীপুর সিটি কর্পোরেশন, (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. প্রোগ্রামার, গাজীপুর সিটি কর্পোরেশন (ওয়েব সাইটে প্রকাশের জন্য)
৮. শাখা প্রধান (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন
৯. ঠিকাদার (সকল), গাজীপুর সিটি কর্পোরেশন
১০. সম্পাদক,........................................................................, আপনার পত্রিকায় আগামী ..........................তারিখের মধ্যে ভিতরের যে কোন এক পৃষ্ঠায় সীমিত আকারে (সকল সংস্করণে) প্রকাশের জন্য অনুরোধ করা হল
১১. নোটিশ বোর্ড (সকল অঞ্চল)
১২. সংশ্লিষ্ট নথি

স্বাক্ষরিত ৭/২৬
প্রধান প্রকৌশলী
গাজীপুর সিটি কর্পোরেশন
গাজীপুর
০৭/০৭/২০২৬

Ashraful/D:\License\Biggopti 01.doc